

তারিখ
পৃষ্ঠা ... ১৬ ... কসাম ...

ছাত্রদলের কয়েকজন নেতাকর্মীর অনৈতিক কর্মকাণ্ডের কারণে ইগবিঃ ক্যাম্পাস অশান্ত

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সুবিধাবাদী কিছু নেতা-কর্মীর অনৈতিক কর্মকাণ্ডের কারণে ক্যাম্পাস অশান্ত হয়ে উঠেছে। গত বৃহস্পতিবার পর্যন্ত তিন দিনে ছাত্রদল কর্মীরা ছাত্র ভর্তি সংক্রান্ত বিভিন্ন অবৈধ দাবীতে আইন বিভাগ ডাফতর, ত্রিভা বিভাগে তাল্লা ফুলানো, লোকপ্রশাসন বিভাগসহ কয়েকটি বিভাগীয় ভর্তি কমিটিকে হুমকি প্রদান, নকলের সুযোগ না দেয়ায় এক ক্যাডারের হাতে শিক্ষক লাঞ্চিত এবং দলীয় বিরোধী সংবাদ পরিবেশন করায় সংগ্রামের ক্যাম্পাস প্রতিনিধিকে মারার জন্য সশস্ত্র অবস্থায় খোঁজাখুঁজি করার প্রেক্ষিতে ক্যাম্পাস বিক্ষোভগোঁড় হয়ে পড়েছে। ছাত্রদলের এসব অনৈতিক কর্মকাণ্ডে খোদা গিয়া পরিষদের শিক্ষক, ছাত্রদলের একাংশসহ সমগ্র মহলে ক্ষোভের সৃষ্টি হয়েছে। ছাত্রদল কর্মীদের হুমকির মুখে উক্ত সংগ্রাম প্রতিনিধি সাইফুল গণি নোমান নিরাপত্তাহীনতায়

ভুগছে। এ ব্যাপারে প্রেসরিয়াল কমিটি অতিরিক্ত পুলিশ মোতায়েন ও ম্যাজিস্ট্রেট এনে ক্যাম্পাস শান্ত রাখার চেষ্টা অব্যাহত রেখেছে। এদিকে, ছাত্রদলের সভাপতি সাইফুল ইসলাম ও যুগ্ম সম্পাদক মমিনুর রহমান ক্যাম্পাসের এই অনৈতিক কর্মকাণ্ডের সাথে ছাত্রদলের সংশ্লিষ্টতা অস্বীকার করেছেন এবং তাদের বিরোধী সংবাদ পরিবেশন করায় উক্ত সাংবাদিককে মারার প্রয়োজন আছে বলে মন্তব্য করেন। গত বৃহস্পতিবারও ছাত্রদল কর্মীরা উক্ত সাংবাদিককে মারার জন্য খোঁজাখুঁজি করে। বিষয়টি ক্যাম্পাসে কর্মরত সাংবাদিকদের নিরাপত্তা প্রশ্নে বড় ধরনের হুমকি হয়ে দাঁড়িয়েছে। সাংবাদিক সমিতি ঘটনার নিন্দা জানিয়ে সম্মানী কর্মকাণ্ড দমন ও সাংবাদিকদের নিরাপত্তা প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি জোর দাবী জানিয়েছে।